



কর্মশালার সময় : সকাল ১০টা


মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd

২০১৭ সালের এসএসসি পরীক্ষার প্রধান পরীক্ষক ও পরীক্ষকগণের কর্মশালা এবং উত্তরপত্র বিতরণের তারিখ

ক্রমিক নম্বর	বিষয়ের নাম	বিষয় কোড	প্রধান পরীক্ষকগণের কর্মশালার তারিখ	কর্মশালা এবং উত্তরপত্র বিতরণের তারিখ
১.	বাংলা - ১ম পত্র	১০১	১২/০২/২০১৭ রবিবার	১৩/০২/২০১৭ সোমবার
২.	বাংলা - ২য় পত্র	১০২	১৩/০২/২০১৭ সোমবার	১৪/০২/২০১৭ মঙ্গলবার
৩.	ইংরেজি - ১ম পত্র	১০৭	১৫/০২/২০১৭ বুধবার	১৬/০২/২০১৭ বৃহস্পতিবার
৪.	ইংরেজি - ২য় পত্র	১০৮	১৯/০২/২০১৭ রবিবার	২০/০২/২০১৭ সোমবার
৫.	গণিত (আবশ্যিক)	১০৯	২২/০২/২০১৭ বুধবার	২৩/০২/২০১৭ বৃহস্পতিবার
৬.	ক) ইসলাম ও নৈতিক শিক্ষা খ) হিন্দু ধর্ম ও নৈতিক শিক্ষা	১১১ ১১২	২৬/০২/২০১৭ রবিবার	২৭/০২/২০১৭ সোমবার
৭.	শারীরিক শিক্ষা, স্বাস্থ্যবিজ্ঞান ও খেলাধুলা	১৪৭	২৮/০২/২০১৭ মঙ্গলবার	০১/০৩/২০১৭ বুধবার
৮.	ক) পদার্থবিজ্ঞান খ) বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা/ইতিহাস গ) ফিন্যান্স ও ব্যাংকিং/ব্যবসায় পরিচিতি	১৩৬ ১৫৩ ১৫২/১৪২	০৪/০৩/২০১৭ শনিবার	০৫/০৩/২০১৭ রবিবার
৯.	ক) রসায়ন খ) পৌরনীতি ও নাগরিকতা/পৌরনীতি গ) ব্যবসায় উদ্যোগ	১৩৭ ১৪০ ১৪৩	০৬/০৩/২০১৭ সোমবার	০৭/০৩/২০১৭ মঙ্গলবার
১০.	ক) উচ্চতর গণিত খ) বিজ্ঞান/সাধারণ বিজ্ঞান গ) জীববিজ্ঞান	১২৬ ১২৭ ১৩৮	০৮/০৩/২০১৭ বুধবার	০৯/০৩/২০১৭ বৃহস্পতিবার
১১.	ক) ভূগোল ও পরিবেশ/ভূগোল খ) বাংলাদেশ ও বিশ্ব পরিচয়/সামাজিক বিজ্ঞান গ) অর্থনীতি	১১০ ১৫০/১৪৫ ১৪১	১২/০৩/২০১৭ রবিবার	১৩/০৩/২০১৭ সোমবার
১২.	ক) কৃষিশিক্ষা খ) হিসাববিজ্ঞান গ) গার্হস্থ্য বিজ্ঞান/গার্হস্থ্য অর্থনীতি	১৩৪ ১৪৬ ১৫১/১২৯	১৪/০৩/২০১৭ মঙ্গলবার	১৫/০৩/২০১৭ বুধবার
১৩.	ইংরেজি ভার্সন এবং প্রধান পরীক্ষক বিহীন অন্যান্য সকল বিষয়	১১৩, ১১৪, ১৩১, ১৪৮, ১৪৯	--	১৬/০৩/২০১৭ বৃহস্পতিবার

উল্লেখ্য প্রধান পরীক্ষকদের কর্মশালা বোর্ডের সভাকক্ষে এবং পরীক্ষকদের কর্মশালা বোর্ডের অডিটোরিয়ামে অনুষ্ঠিত হবে।


প্রফেসর তরুণ কুমার সরকার
পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd

email : ce.biser@yahoo.com

প্রধান পরীক্ষক/পরীক্ষকের করণীয়

- ২০১৭ সালের এসএসসি পরীক্ষায় প্রধান পরীক্ষক ও পরীক্ষকদের নামে কোন নিয়োগপত্র ইস্যু করা হবে না। সংশ্লিষ্ট প্রধান পরীক্ষক/পরীক্ষকদের নাম ও কোড সম্বলিত তালিকা রাজশাহী শিক্ষা বোর্ডের Web site : www.rajshahieducationboard.gov.bd থেকে প্রিন্ট করে নিতে হবে এবং উক্ত প্রিন্ট আউট, প্রতিষ্ঠান প্রধানের হালনাগাদ প্রত্যয়নপত্রে নমুনা স্বাক্ষর সত্যায়নসহ জাতীয় পরিচয়পত্রের ফটোকপি জমা দিয়ে উত্তরপত্র গ্রহণ করতে হবে। পরীক্ষা নিয়ন্ত্রক এবং প্রধান পরীক্ষক কর্তৃক প্রদত্ত নির্দেশাবলী অনুসরণ করতে হবে।
- আগামীতারিখ সকাল ১০.০০ টায়বিষয়ের পরীক্ষক ও প্রধান পরীক্ষকগণের উত্তরপত্র মূল্যায়নের কর্মশালায় তাঁর উপস্থিতি বাধ্যতামূলক। কর্মশালায় উপস্থিত হয়ে প্রধান পরীক্ষকের সাথে যৌথভাবে উত্তরপত্র মূল্যায়ন শেষে নম্বর প্রদানের যৌক্তিকতা ব্যাখ্যা করে সমন্বিত সিদ্ধান্ত গ্রহণের পর প্রধান পরীক্ষকের নিকট উল্লিখিত দলিলাদি জমা দিবেন। জমাকৃত দলিলাদি অনুযায়ী উপস্থিত পরীক্ষকদের মধ্যে উত্তরপত্র বন্টন করা হবে। কোনক্রমেই পরবর্তী সময়ে উত্তরপত্র পাওয়ার সুযোগ থাকবে না।
- তাঁর নামে বরাদ্দকৃত উত্তরপত্র ব্যক্তিগতভাবে নির্ধারিত সময়ে কর্মশালায় যোগদান করে উত্তরপত্র মূল্যায়ন শেষে গ্রহণ করতে হবে। কোন অবস্থাতেই প্রতিনিধিকে উত্তরপত্র সরবরাহ করা হবে না।
- প্রতিষ্ঠান প্রধানের ক্ষেত্রে হালনাগাদ প্রত্যয়নপত্র ম্যানিজিং কমিটি/গভর্নিং বডি'র সভাপতি/ডিসি/ডিডি/ইউএনও কর্তৃক স্বাক্ষরিত হতে হবে।
- উত্তরপত্র প্রাপ্তির পর সর্বমোট উত্তরপত্র গণনাপূর্বক সমুদয় উত্তরপত্রের বিষয় কোড সঠিক আছে কিনা তা মিলিয়ে দেখতে হবে এবং প্রাপ্ত উত্তরপত্রের সংখ্যা প্রধান পরীক্ষককে অবহিত করতে হবে।
- ভুল কিংবা মিথ্যা তথ্য প্রদান করে কেউ পরীক্ষক নিযুক্ত হলে তাঁর নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে এবং তাঁর বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।
- নির্ধারিত সময়ের মধ্যে মূল্যায়নকৃত উত্তরপত্র প্রধান পরীক্ষকের নিকট অবশ্যই জমা দিতে হবে। বরাদ্দকৃত উত্তরপত্র প্রধান পরীক্ষকের নিকট জমা না দিয়ে কোন অবস্থাতেই কর্মস্থল ত্যাগ করা যাবে না।
- উত্তরপত্র মূল্যায়নের সময় পরীক্ষকের যদি সন্দেহ হয় যে, পরীক্ষার্থী অসুদপায় অবলম্বন করেছে তবে তিনি অসুদপায়ের প্রকৃতি উল্লেখ পূর্বক একটি গোপনীয় প্রতিবেদন (উত্তরপত্রসহ) প্রধান পরীক্ষকের নিকট পাঠাবেন। প্রতিবেদনের একটি কপি পরীক্ষা নিয়ন্ত্রকের ব্যক্তিগত নামে পাঠাতে হবে।
- পরীক্ষা সংক্রান্ত সকল প্রকার যোগাযোগের ক্ষেত্রে বিষয় কোড ও পরীক্ষক কোড অবশ্যই উল্লেখ করতে হবে।
- উত্তরপত্রের কভার পৃষ্ঠায় (OMR) এ পরীক্ষক/প্রধান পরীক্ষকের প্রয়োজনীয় অংশসমূহে পূর্বে থেকে কোন অবাঞ্ছিত দাগ/লিখো কোড পরিবর্তন/বৃত্ত পূরণ করা থাকলে তা প্রধান পরীক্ষককে অবহিত করতে হবে।
- উত্তরপত্রের কভার পৃষ্ঠার ২য় ও ৩য় অংশে পরীক্ষকদের জন্য নির্ধারিত বক্সের ভিতর স্বাক্ষর করতে হবে। বক্সের বাইরে কোনক্রমেই স্বাক্ষর করা যাবে না।
- এক বিষয়/পত্রের পরীক্ষক অন্য বিষয়/পত্রের উত্তরপত্র ভুলবশত: পেলে তা মূল্যায়ন না করে সরাসরি পরীক্ষা নিয়ন্ত্রকের কাছে হাতে হাতে জমা দিতে হবে।
- নিয়োগপ্রাপ্ত কোন শিক্ষকের ছেলে/মেয়ে/পোষ্য পরীক্ষায় অংশগ্রহণ করলে তিনি পরীক্ষক/প্রধান পরীক্ষক হতে পারবেন না।

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী